

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৩১, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
মাদক-১ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ১৩ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ/২৮ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

নং ৫৮.০০.০০০০.০৬১.১০.০১২.১৫-৩৫৬—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রস্তাব ও জাতীয় রাজস্ব বোর্ড এর ১৯ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের ০৮.০১.০০০০.০৬৮.২৫.০১৩.১৬/২৯৪ সংখ্যক স্মারকের মতামতের পরিপ্রেক্ষিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ৬৮ (৩)-এ প্রদত্ত ক্ষমতাবলে লাইসেন্স, পারমিট, ফিস ও মাদকশুল্ক বিধিমালা প্রণীত না হওয়া পর্যন্ত দেশের অভ্যন্তরে উৎপাদিত টলুইনের ক্ষেত্রে উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট হইতে প্রতি মেট্রিক টন টলুইনের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা শুল্ক আদায় সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে টলুইন বিক্রয়ের অনুমতি প্রদান করা হইল:

শর্তাবলি :

- ০১। চূড়ান্ত বিধিমালার গেজেট প্রকাশিত হইবার পর মাদকশুল্কের হার কম বা বেশী হইলে ভূতাপেক্ষভাবে তাহা সমন্বয় করা হইবে এবং এ বিষয়ে উৎপাদনকারী প্রতিষ্ঠানের কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না;
- ০২। অধিদপ্তর হইতে প্রিকারসর কেমিক্যালসের লাইসেন্সি ব্যতীত অন্য কাহারো নিকট বিক্রয় করা যাইবে না; বিক্রয়কালে যথারীতি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হইতে অনুমতি গ্রহণ করিতে হইবে;

(২৬০৯১)

মূল্য : টাকা ৪.০০

- ০৩। টলুইন উৎপাদন ও বিক্রয়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে এবং চাহিবামাত্র সরকারের নিকট উপস্থাপন করিতে হইবে;
- ০৪। টলুইন উৎপাদন ও বিক্রয়ের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালা এবং লাইসেন্সে উল্লিখিত শর্ত যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহম্মদ আবদুল্লাহ আল মামুন  
উপসচিব।